দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 JUL 2017
পৃষ্ঠা ১ কলাম ৮

বিইউপি ভিসির সাক্ষাত

# শিক্ষার মান নিশ্চিত করুন ॥ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ শিক্ষার মান নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) উপাচার্য মেজর জেনারেল মোঃ সালাহউদ্দিন মিয়াজী সোমবার বিকেলে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাত করতে গেলে তিনি বলেন, উচ্চ শিক্ষার মান নিশ্চিত করুন, যাতে ছাত্রছাত্রীরা বৈশ্বিক প্রতিযোগিতার সুযোগ নিতে পারে। বিশ্ববিদ্যালয়ের আচার্য আবদুল হামিদ অন্যান্য বিশ্ববিদ্যালয় যাতে অনুসরণ করে সে ধরনের গুণগতমানসম্পন্ন শিক্ষার দৃষ্টান্ত স্থাপনের জন্য বিইউপি উপাচার্যকে নির্দেশ দেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদিন বাসসকে এ তথ্য জানান। বিইউপি উপাচার্য এই

(২ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## শিক্ষার মান

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠান পরিচালনায় সর্বাত্মক সমর্থন প্রদানের জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সাম্প্রতিক অবকাঠামোগত উন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যত পরিকল্পনাসহ সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। মেজর জেনারেল মিয়াজী আবদুল হামিদকে আরও জানান, জাতির পিতার জীবন ও কর্ম নিয়ে গবেষণা পরিচালনায় বিইউপি 'বঙ্গবন্ধু চেয়ার' চালু করেছে। উপাচার্য বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ড যথাযথভাবে পরিচালনায় রাষ্ট্রপতির সহযোগিতা ও দিকনির্দেশনা কামনা করেন। এ সময় রাষ্ট্রপতির সংশ্লিষ্ট সচিবরা উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর